# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date: 09.09.2024 Time: 7.35A.M**

বিশেষ বিশেষ খবর –

১/ RG KAR মেডিক্যাল কলেজ ও হাসপাতালে চিকিৎসক ধর্ষণ ও খুনের মামলায় আজ সুপ্রিম কোর্টে শুনানি।

# চিকিৎসক পড়ুয়া ধর্ষণ ও খুনের ঘটনায় কোনো তথ্য জানা থাকলে, সাধারণ মানুষকে তা' ভাগ করে নেবার আবেদন জানিয়েছে CBI । খোলা হয়েছে পোর্টাল।

২/ ন্যায় বিচারের দাবীতে রাজ্য জুড়ে গতকাল ফের পথে নেমেছেন সাধারণ মানুষ।

৩/ তৃণমূল কংগ্রেসের রাজ্যসভার সদস্যপদ থেকে ইস্তফা দেওয়ার সিদ্ধান্ত জহর সরকারের।

৪/ বিভিন্ন দপ্তর ও প্রকল্পের কাজের অগ্রগতি খতিয়ে দেখতে, রাজ্য সরকার আজ বৈঠকে বসছে ।

৫/ বঙ্গোপসাগরে সৃষ্ট নিম্নচাপের প্রভাবে দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় আজ বৃষ্টির পূর্বাভাস।

*************************************************************

RG KAR মেডিক্যাল কলেজ ও হাসপাতালে চিকিৎসক ধর্ষণ ও খুনের মামলার আজ ফের সুপ্রিম কোর্টে শুনানি হওয়ার কথা। প্রধান বিচারপতি ডি ওয়াই চন্দ্রচূড়, বিচারপতি জে বি পারদিওয়ালা এবং বিচারপতি মনোজ মিশ্রের বেঞ্চে আজ'ই CBI, এই মামলার তদন্তের অগ্রগতির রিপোর্ট জমা দেবে বলে মনে করা হচ্ছে। গত বৃহস্পতিবার ৫ই সেপ্টেম্বর, সুপ্রিম কোর্টে এই মামলার শুনানি ছিল। সে দিন প্রধান

বিচারপতির বেঞ্চ না বসায় শুনানি পিছিয়ে যায়। কাজেই আজকের শুনানির দিকে তাকিয়ে রাজ্য তথা দেশের মানুষ।

পাশাপাশি কেন্দ্রীয় বাহিনীর সঙ্গে রাজ্য প্রশাসনের অসহযোগিতার অভিযোগ নিয়েও শুনানি হতে পারে বলে খবর।

এদিকে, CBI, চিকিৎসক পড়ুয়া ধর্ষণ ও খুনের ঘটনায় কোনো তথ্য জানা থাকলে, তা' সাধারণ মানুষকে তাঁদের সঙ্গে ভাগ করে নেবার আবেদন জানিয়েছে। একটি পোর্টাল'ও খোলা হয়েছে।

*******************

R G KAR হাসপাতালে চিকিৎসক পড়ুয়ার ধর্ষণ-খুনের প্রতিবাদ ও ন্যায় বিচারের দাবীতে ফের রাত দখলে, রাজ্য জুড়ে রাস্তায় নামলেন অগণিত মানুষ। শহর ছাড়িয়ে জেলা শহর এবং মফঃস্বলেও ন্যায় বিচারের দাবীতে পথে নামেন শিশু থেকে বৃদ্ধ-বৃদ্ধারা।

গতকাল দুপুরে 'জয়েন্ট প্ল্যাটফর্ম অফ ডক্টর্স, ওয়েস্ট বেঙ্গল'-এর ডাকে পথে নেমেছিলেন চিকিৎসকরা। NRS মেডিক্যাল কলেজ থেকে মিছিল হয়েছে ধর্মতলা পর্যন্ত। নির্যাতিতার বাবা, মা ও পরিবারের অন্যান্য সদস্যরা এতে যোগ দেন। 'উই ওয়ান্ট জাস্টিস'-এর পরিবর্তে 'উই ডিম্যান্ড জাস্টিস'-এর স্লোগান ওঠে। কালো বেলুন উড়িয়ে প্রতিবাদ জানানো হয়। দুপুরে হেদুয়া থেকে কলেজ স্ট্রিট পর্যন্ত মিছিল করেন উত্তর কলকাতার হাতে টানা রিক্সা চালকেরা।

কুমোরটুলিতে মৃৎ শিল্পীরা হাতে প্ল্যাকার্ড-ব্যানার নিয়ে পথে নামেন। সামিল হন সনাতন দিন্দার মতো শিল্পীরাও। দক্ষিণ কলকাতার যাদবপুরে চিত্রশিল্পীরা রাস্তায় ছবি এঁকে প্রতিবাদ জানান। ছবি আঁকার কাজ চলে সিঁথির মোড়, শ্যামবাজারের মতো নানা জায়গায়।

সোদপুর থেকে শ্যামবাজার পর্যন্ত দীর্ঘ ১৫ কিলোমিটার রাস্তা জুড়ে আয়োজন করা হয় মানব বন্ধনের। অংশ নেন কয়েক হাজার মানুষ। অবরুদ্ধ হয়ে পড়ে সিঁথির মোড় এলাকা। রাস্তা অবরোধ করা হয় বেলঘরিয়া রথতলা মোড়েও।

ফুটবলপ্রেমীরা, উত্তর কলকাতার সিমলা পল্লীতে স্বামী বিবেকানন্দের বাড়ির সামনে থেকে শ্যামবাজার পর্যন্ত মিছিল করেছেন। যোগ দেন সাহিত্যিক, নাট্য ব্যক্তিত্বরাও।

'রাত দখল' কর্মসূচীতে যাদবপুরে সাংস্কৃতিক অনুষ্ঠানের মাধ্যমে প্রতিবাদ জানিয়েছেন শিল্পী ও কলাকুশলীরা। আয়োজন করা হয় পথ নাটিকার।

টালিগঞ্জের সিনেমা পাড়ার কলাকুশলীরা'ও, গতকাল বিচারের দাবীতে পথে নামেন। টালিগঞ্জ ট্রামডিপো থেকে শুরু হয়ে হাজরা পর্যন্ত যায় মিছিল। সেখানে অবস্থান ও মানব বন্ধনে সামিল হন শিল্পীরা।

**বিদেশেও**, প্রতিবাদে সামিল হন প্রবাসীরা। আমেরিকার আটলান্টা, সান দিয়েগো, হিউস্টন, বস্টন, নিউ ইয়র্ক, ব্রিটেনের বেলফাস্ট, বার্মিংহাম, কার্ডিফ শহরেও প্রতিবাদ কর্মসূচী পালন হয়েছে। পাশাপাশি প্রতিবাদে সামিল হয়েছেন অস্ট্রেলিয়া, নিউজিল্যান্ড, আয়ারল্যান্ড, কানাডা, দক্ষিণ আফ্রিকার বহু মানুষ।

*******************

দ্রুত বিচার এবং নারী সুরক্ষার দাবীতে আজ শিলিগুড়িতে **'ভোর দখল'** কর্মসূচী নেওয়া হয়। শহরের সফদর হাসমী চকে জমায়েত করেন, নারী-পুরুষ সকলেই। জ্বালানো হয় প্রদীপ।

এদিকে, তথ্য প্রমাণ লোপাটের অভিযোগ তুলে দোষীদের কঠোর শাস্তির দাবীতে CPIM আজ **'লালবাজার চলো'** অভিযানের ডাক দিয়েছে। ধর্মতলায় দুপুর তিনটেয় লেনিন মূর্তির কাছে জমায়েত করে লালবাজারের দিকে এগিয়ে যাবে মিছিল।

প্রেসিডেন্সি বিশ্ব বিদ্যালয়ের পোর্টিকোতে গণ-জমায়েতের ডাক দেওয়া হয়েছে। বিশ্ব বিদ্যালয়ের পড়ুয়া, প্রাক্তনী, শিক্ষক ও কর্মচারীরা প্রেসিডেন্সির সামনে থেকে ধর্মতলা পর্যন্ত মিছিল করবেন।

আর জি করের ঘটনার এক মাস পূর্তিতে বিভিন্ন সামাজিক ও সাংস্কৃতিক সংগঠন আজ রাত ৯ টায় ৯ মিনিটের জন্য রাজ্যব্যাপী অভিনব 'মৌন মুখর' প্রতিবাদের যে আহ্বান জানিয়েছে রাজ্য বামফ্রন্ট তাতে সমর্থন জানিয়েছে। ফ্রন্ট

চেয়ারম্যান বিমান বসু গতকাল এক বিবৃতিতে এই ৯ মিনিট জরুরী ক্ষেত্র ছাড়া রাজ্যের সর্বত্র আলো বন্ধ রেখে, রাস্তায় সমস্ত যানবাহন চলাচল বন্ধ রেখে সর্বসাধারণকে এই প্রতিবাদে সামিল হওয়ার আবেদন জানিয়েছেন।

**কংগ্রেসের** ছাত্র সংগঠন-ছাত্র পরিষদ, আজ কলেজ স্কোয়ারে অবস্থান-বিক্ষোভ কর্মসূচী পালন করবে।

********************

কলকাতার পাশাপাশি প্রতিবাদ মিছিলের খবর মিলেছে জেলাগুলি থেকেও।

নদীয়া, মালদা, শিলিগুড়ি, হাওড়া, বাঁকুড়া, বর্ধমান, পুরুলিয়াতেও।

হুগলীর কোন্নগরে মশাল মিছিল করেন প্রতিবাদীরা।

এদিকে, মিছিল চলাকালীন উত্তর ২৪ পরগণার নৈহাটিতে হামলার অভিযোগ উঠেছে দুষ্কৃতীদের বিরুদ্ধে। অভিযোগ, মাইকের তাঁর ছিঁড়ে দেওয়া হয়, আক্রমণ চলে প্রতিবাদে সামিল মহিলাদের ওপরেও। জানা গেছে, স্থানীয় কয়েকটি বিদ্যালয়ের প্রাক্তনীরা গত সন্ধ্যায় প্রতিবাদ মিছিলের আয়োজন করেছিলেন। রামকৃষ্ণ মোড় এলাকায় দুষ্কৃতীরা মিছিলে ঢুলে পড়ে। মারধোর করা হয় বেশ কয়েকজনকে। ঘটনার পর পুলিশকে ঘিরে বিক্ষোভ দেখান প্রতিবাদীরা।

********************

প্রমাণ লোপাটের অভিযোগ তুললেও, এর সঙ্গে যুক্তদের CBI কেন পাকড়াও করছে না, সে প্রশ্ন তুলেছেন উত্তরবঙ্গ উন্নয়ন মন্ত্রী উদয়ন গুহ।

গতকাল দিনহাটায় CBI-এর কাছে দ্রুত বিচারের দাবীতে কমল গুহ স্মৃতি রক্ষা কমিটির ব্যানারে একটি বিক্ষোভ মিছিলের আয়োজন করা হয়। এতে যোগ দিয়ে উদয়ন গুহ বলেন, একমাস কেটে গেলেও CBI কেন তদন্ত শেষ করতে পারলো না, তার জবাব দিতে হবে।

********************

ডাক্তারদের যৌথ মঞ্চ, 'জয়েন্ট প্ল্যাটফর্ম অফ ডক্টর্স, ওয়েস্ট বেঙ্গল' রাজ্যের মুখ্য সচিবকে লেখা এক খোলা চিঠিতে, R G KAR কান্ডের সঙ্গে যুক্ত ও দুর্নীতির অভিযোগ রয়েছে এমন উচ্চপদস্থ আধিকারিকদের বিরুদ্ধে তদন্তের দাবী জানিয়েছেন। চিঠিতে উল্লেখ করা হয়েছে যে, স্বাস্থ্য ভবনের কিছু কর্মকর্তা নানাভাবে প্রভাব খাটানোর চেষ্টা করে চলেছেন। অভয়া হত্যাকান্ডে দ্রুত ও স্বছ তদন্ত না হলে, চিকিৎসক মহল ধরে নেবে যে, স্বাস্থ্য দপ্তর ইছাকৃতভাবে দোষীদের আড়োল করার চেষ্টা করছে।

******************

এক জুনিয়ার ডাক্তারের করা অভিযোগের ভিত্তিতে কলকাতা পুলিশ গত ৭'ই এপ্রিল বিরূপাক্ষ বিশ্বাস, অভীক দে এবং রঞ্জিত সাহার বিরুদ্ধে মামলা রুজু করে তদন্ত শুরু করেছে। গতকাল এক বিবৃতিতে পুলিশের ডিসি সেন্ট্রাল জানিয়েছেন, বউবাজার থানায় এদের বিরুদ্ধে ইন্টার্ন ডাক্তারদেরকে হুমকি দেওয়ার অভিযোগ রয়েছে। পুলিশের কাছে এই সংক্রান্ত মোট ৪৬ টি অভিযোগ জমা পড়ে বলে বিবৃতিতে জানানো হয়েছে।

******************

আর জি কর হাসপাতালে হুগলির কোন্নগরের এক যুবকের বিনা চিকিৎসায় মৃত্যুর অভিযোগ খারিজ করে তৃণমূলের সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় কে চিঠি দিয়েছে জয়েন্ট প্ল্যাটফর্ম অব ডক্টরস, ওয়েস্ট বেঙ্গল। সামাজিক মাধ্যমে বিভ্রান্তিকর তথ্য ছড়ানোর জন্য অভিষেকের কাছে নিঃশর্ত ক্ষমা চাওয়ার দাবি করা হয়েছে।

উল্লেখ্য, গত ৬ই সেপ্টেম্বর নিজের এক্স হ্যান্ডলে অভিষেক লিখেছিলেন, ৩ ঘণ্টা কোনও চিকিৎসা ছাড়াই আরজি করে রক্তাক্ত অবস্থায় পড়েছিলেন দুর্ঘটনায় আহত কোন্নগরের ওই যুবকটি। জুনিয়র ডাক্তারদের দাবি ন্যায্য হলেও, প্রতিবাদ এমনভাবে করা উচিৎ যাতে জরুরি পরিষেবা ব্যাহত না হয়।

তৃণমূলের সাধারণ সম্পাদকের এই অভিযোগ খারিজ করে চিকিৎসকদের যৌথ মঞ্চ চিঠিতে জানিয়েছে যে, সকাল ৯টা ১০ মিনিট থেকে সাড়ে ১২টায় ওই যুবকের

দুর্ভাগ্যজনক মৃত্যুর সময় পর্যন্ত তাঁর চিকিৎসা হয়েছে। অভিষেককে নিঃশর্ত ক্ষমা চেয়ে ভুল তথ্য প্রত্যাহার করতেও বলেছে ডাক্তারদের এই মঞ্চ।

*******************

রাজ্যে স্বাস্থ্য ক্ষেত্রে বিরাট দুর্নীতি হয়েছে বলে অভিযোগ তুলে বিজেপি সাংসদ জ্যোতির্ময় সিং মাহাতো, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জিকে তদন্তের আওতায় নিয়ে আসার আবেদন জানিয়েছেন। এই মর্মে তিনি ইডিকে একটি চিঠিও লিখেছেন। রাজ্যের স্বাস্থ্যক্ষেত্রে আর্থিক দুর্নীতি ও কেলেংকারী সাধারণ ঘটনা হয়ে উঠেছে এবং RGKAR–এর প্রাক্তন অধ্যক্ষ সন্দীপ ঘোষের সঙ্গে স্বাস্থ্য কর্তাদের আরো অনেকেই দুর্নীতিতে যুক্ত আছেন বলেও জ্যোতির্ময় বাবুর দাবী। সবকিছু জেনেও, মুখ্যমন্ত্রী তথা স্বাস্থ্যমন্ত্রী  কোনো পদক্ষেপ নেননি বলে তিনি অভিযোগ করেছেন।

জ্যোতির্ময় সিং মাহাতোর ইডিকে লেখা চিঠি প্রসঙ্গে কটাক্ষ করেছেন তৃণমূল কংগ্রেস মুখপাত্র কুণাল ঘোষ। সাংবাদিকদের কুণাল বলেন, বিজেপির মধ্যে ক্ষমতা দখলের প্রতিযোগিতা চলেছে।

*******************

আর.জি.কর  মেডিকেল কলেজ ও  হাসপাতালে চিকিৎসক পড়ুয়ার ধর্ষণ ও খুন এবং দুর্নীতির প্রতিবাদে তৃণমূল কংগ্রেস  সাংসদ জহর সরকার, রাজ্যসভায় সদস্য পদে ইস্তফা দেওয়ার সিদ্ধান্ত ঘোষণা করলেন। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জিকে চিঠি দিয়ে এই সিদ্ধান্তের কথা জানিয়েছেন তিনি। চিঠিতে রাজনীতি থেকে নিজেকে সম্পূর্ণভাবে বিচ্ছিন্ন করার সিদ্ধান্তের কথাও জানিয়েছেন ডক্টর সরকার। রাজ্যে দুর্নীতি এবং দলের একাংশের নেতাদের অন্যায় দাপট দেখে  হতাশাগ্রস্ত হয়ে পড়েছেন বলে উল্লেখ করে তিনি জানিয়েছেন, কোনো সরকারের বিরুদ্ধে জনগণের এমন ক্ষোভ ও সম্পূর্ণ অনাস্থা এর আগে তিনি কখনো দেখেননি। সাধারণ মানুষের স্বতঃস্ফূর্ত প্রতিবাদ আন্দোলনে রাজনৈতিক তকমা লাগিয়ে প্রতিরোধ করা সমীচিন নয় বলে তার অভিমত। রাজ্যের কিছু পছন্দের আমলা ও নেতার লাগাম ছাড়া দুর্নীতিকে প্রশ্রয় দেওয়ার জন্যই সরকারের বিরুদ্ধে মানুষের এই স্বতঃস্ফূর্ত ক্ষোভ এবং এপর্যন্ত

আরজিকর কাণ্ডে সরকারের নেওয়া শাস্তি মূলক পদক্ষেপ খুবই সামান্য বলে তিনি চিঠিতে উল্লেখ করেছেন।

তিনি বলেছেন বর্তমান পরিস্থিতিতে রাজ্য সরকারের অবিলম্বে সদর্থক পদক্ষেপ নিতে পথ পরিবর্তন করা প্রয়োজন। অন্যথায় সাম্প্রদায়িক শক্তি রাজ্যকে তাদের দখলে নিতে পারে বলে আর আশঙ্কা।

*******************

বিভিন্ন দপ্তর এবং প্রকল্পের কাজের অগ্রগতি খতিয়ে দেখতে রাজ্য সরকার আজ বৈঠকে বসতে চলেছে। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির পৌরহিত্য দুপুর একটায় নবান্ন সংলগ্ন সভাঘরে প্রস্তাবিত এই প্রশাসনিক পর্যালোচনা বৈঠক হবার কথা। রাজ্যের মুখ্য সচিব, স্বরাষ্ট্র সচিব, পুলিশের মহানির্দেশক, ছাড়াও পুলিশের শীর্ষ আধিকারিকদের বৈঠকে থাকার নির্দেশ দেওয়া হয়েছে। থাকবেন বিভিন্ন দপ্তরের মন্ত্রী, সচিবরাও। সবকটি জেলার জেলা শাসক, পুলিশ কমিশনার এবং পুলিশ সুপাররাও বৈঠকে ভার্চুয়ালি অংশ নেবেন। বিভিন্ন দপ্তরের কাজের রিপোর্ট কার্ড বৈঠকে পেশ করা হবে বলে নবান্ন সূত্রে জানা গিয়েছে।

*******************

পূর্ব বর্ধমানের ভাতারে বিশেষভাবে সক্ষম এক তরুণীকে ধর্ষণের অভিযোগে বাদশা শেখ নামে এক যুবককে পুলিশ গ্রেপ্তার করেছে।

বছর ২১-এর ওই তরুণী গতকাল সকালে বাড়ি ফেরার পথে পেশায় ভ্যান চালক বাদশা শেখ, তাঁকে হাজরা মোড়ে একটি পরিত্যাক্ত বাড়িতে নিয়ে গিয়ে ধর্ষণ করে বলে অভিযোগ। তরুণীর চিৎকারে আশেপাশের মানুষ ছুটে এলে, পালিয়ে যায় অভিযুক্ত। পরে পুলিশ এলাকার'ই একটি ধানজমি থেকে বাদশা শেখকে গ্রেপ্তার করে। আজ তাকে আদালতে তোলা হবে।

*******************

নদীয়ার নাকাশিপাড়ার মাঝের গ্রামে এক অভিযান চালিয়ে, পুলিশ বিপুল পরিমাণ গাঁজা উদ্ধার করেছে। একটি পিকআপ ভ্যানকে আটক করে তল্লাশি চালিয়ে ২৮ টি প্যাকেটের ১ কুইন্টাল ৪৭ কেজিরও বেশি গাঁজা উদ্ধার হয়।
পুলিশ, মাদকদ্রব্য সহ গাড়িটি আটক করে এবং চালককে গ্রেপ্তার করেছে।
গাড়িটির মালিক কোচবিহারের তুফানগঞ্জ এলাকার বলে পুলিশ জানিয়েছে।

*******************

বঙ্গোপসাগরে সৃষ্ট নিম্নচাপ, শক্তি বাড়িয়ে গভীর নিম্নচাপে পরিণত হওয়ার সম্ভাবনা। আলিপুর আবহাওয়া দপ্তরের আবহবিদ সৌরিশ বন্দ্যোপাধ্যায় জানিয়েছেন, এ'টি ওড়িশা ও গাঙ্গেয় পশ্চিমবঙ্গ উপকূলে অবস্থান করবে। এর প্রভাবে আজ থেকে দক্ষিণবঙ্গে বৃষ্টির পরিমাণ বাড়বে। মঙ্গল ও বুধবার ভারী বৃষ্টির সম্ভাবনা উপকূল ও সংলগ্ন জেলাগুলিতে। মঙ্গলবার ভারী বৃষ্টির সম্ভাবনা দুই মেদিনীপুর, দুই ২৪ পরগণা, ঝাড়গ্রাম ও বাঁকুড়ায়।
এদিকে, উত্তরবঙ্গেও আজ থেকে বৃষ্টির পরিমাণ কিছুটা বাড়বে। ভারী বৃষ্টির সম্ভাবনা, দার্জিলিং, কালিম্পিং ও জলপাইগুড়ি জেলায়।

*********************************************************************